



সরকারি অনুষ্ঠানের ব্যানার-বিলবোর্ডে প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার নিষিদ্ধ



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সরকারি অনুষ্ঠান উপলক্ষে তৈরি ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডে প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার না করার নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এ সংক্রান্ত একটি পরিপত্র রোববার (৫ জুলাই) জারি করা হয়েছে।

পরিপত্রে বলা হয়েছে, সরকারি অনুষ্ঠানের প্রচারসামগ্রী তৈরির ক্ষেত্রে ব্যক্তিকেন্দ্রিক উপস্থাপনার পরিবর্তে অনুষ্ঠানের মূল বিষয়, উদ্দেশ্য ও বার্তাকে অগ্রাধিকার দিতে হবে। ব্যানার, ফেস্টুন ও বিলবোর্ডের নকশায় প্রয়োজনীয় তথ্য এমনভাবে উপস্থাপন করতে হবে, যাতে কর্মসূচির উদ্দেশ্য ও বিষয়বস্তু স্পষ্টভাবে ফুটে ওঠে।

এতে আরও বলা হয়, প্রচারসামগ্রী প্রস্তুতের সময় বিষয়বস্তুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যই অন্তর্ভুক্ত করতে হবে। অপ্রয়োজনীয় উপাদান পরিহার করে নকশা প্রণয়নের নির্দেশও দেওয়া হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগ জানিয়েছে, নির্দেশনাটি তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।